কার্পাসডাঙ্গায় ভ্রাম্যমান আদালতে তিন ব্যবসায়ীকে জরিমানা

দামুড়হুদার কার্পাসডাঙ্গা বাজারে ভ্রাম্যমান আদালত অভিযান চালিয়ে তিন ব্যবসায়ীকে জরিমানা আদায় করেছে ভ্রাম্যমান আদালত।

মঙ্গলবার সন্ধার দিকে দামুড়হুদা উপজেলা সহকারি কমিশনার (ভুমি)) ও নির্বাহী ম্যাজিষ্ট্র্যাট সজল কুমার দাসের নেতৃত্বে ভ্রাম্যমান আদালত পরিচালিত হয়।

কার্পাসডাঙ্গা বাজারের মুদি ব্যবসায়ী আজিবার রহমান মুল্যে তালিকা না থাকায় ভোক্তা সংরক্ষন আইন ২০০৯ এর ১১ধারা মোতাবেক ১হাজার টাকা ও অপরিচ্ছন্ন ভাবে ভাজা বিক্রি করার অপরাধে ভোক্তা সংরক্ষন আইন ২০০৯ এর ১৫ ধারা মোতাবেক আবুল বাসার ও সমাজ আলী ওভয়কে ৩শ করে ৬শ টাকা জরিমানা করেন। আইন শৃংখলা রক্ষার দ্বায়িত্বে ছিলেন দামুড়হুদা মডেল থানা পুলিশ।

মুজিবনগরে রাস্তায় মাটি ফেলে জন দুর্ভোগ সৃষ্টি

গত বৃহস্পতিবার রাতে হঠাৎ বৃষ্টিতে মুজিবনগর মেহেরপুর মহাসড়কে ইটভাটায় মাটি পরিবহনের সময় রাস্তায় পড়ে থাকা মাটি পিচ্ছিল হয়ে বিপদজনক হয়ে ওঠে। সৃষ্টি হয় জনদুর্ভোগের। সংবাদ পেয়ে উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস তড়িৎ পদক্ষেপে গ্রহন করে অভিযান পরিচালনা করেন।

এ সময় তিনি ভাটার মালিকদের দিয়ে রাস্তা পানি দিয়ে ধুয়ে পরিস্কার করে নেন। সেই সাথে ভবিষ্যতে রাস্তায় মাটি ফেলে দুর্ভোগ সৃষ্টি করলে তাদের বিরুদ্ধে আইনআনুগ ব্যাবস্থা গ্রহন করা হবে বলে সতর্ক করেন।

এ সময় উপজেলা প্রকৌশলী খালিদ হোসেন এবং মুজিবনগর ফায়ার সার্ভিস

ও সিভিল ডিফেন্সের কর্মকর্তা উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় ইটভাটার পতিত জমিতে আউশধান আবাদের লক্ষ্যে মতবিনিময় সভা

দামুড়হুদায় উদ্বুদ্ধকরণের মাধ্যমে ইটভাটার পতিত জমিতে খরিপ-১ মৌসুমে আউশধান আবাদ বৃদ্ধিতে ইটভাটা মালিকবৃন্দের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার বিকাল ৪টার সময় দামুড়হুদা উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা কৃষি অফিসার মনিরুজ্জামান এর সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা। এসময় তিনি বলেন আমাদের দেশ কৃষি নির্ভর দেশ। দামুড়হুদা উপজেলায় যেসকল ইটভাটা আছে তা ইটের সিজেন ছাড়া বাদবাকি সময় পতিত অবস্থায় পরে থাকে। ওই সকল পতিত জমিতে যদি আউশধান উৎপাদন করা যায় তাহলে আমাদের নিজেদের খাদ্য চাহিদা পূরণ হবে। পাশাপাশি দেশের খাদ্য উৎপাদনে সহায়ক ভূমিকা পালন করবে। গতবছর এই উপজেলায় প্রায় ২৫০ বিঘা ইটভাটার পতিত জমিতে আউশধান চাষ হয়েছিল। এবছর তা বৃদ্ধি পেয়ে প্রায় ৩৫০ বিঘা জমিতে আউশধান চাষ হবে বলে আশা করছি।

শুধুমাত্র দামুড়হুদা উপজেলাতেই নয়, বাংলাদেশের যত ইট ভাটার পতিত জমি আছে সেখানে যদি এই আউশধান চাষ করা হয় তাহলে বাংলাদেশ খাদ্য উৎপাদনে আরো এক ধাপ এগিয়ে যাবে বলে তিনি মনে করেন। ইটভাটার পতিত জমি গুলো ব্যবহার করে তা আউশধান সহ বিভিন্ন লতা জাতীয় চাষের অনুকূলে এনে চাষাবাদ করলে দেশের খাদ্য উৎপাদনে বিরাট ভূমিকা পালন করবে।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা সমাজসেবা অফিসার তোফাজ্জল

হক, দামুড়হুদা উপজেলা প্রেসক্লাবের সভাপতি আরিফুল ইসলাম মিলন, উপসহকারী কৃষি কর্মকর্তা সাইফুল ইসলাম, বদরুল আলম। উপজেলার ইটভাটার মালিক আমজাদ হোসেন, আ: কাদের, সঞ্জয় কুমার বোস, হাসান আলী, সামসুল হক, মহিউদ্দিন প্রমূখ।

ঝিনাইদহে তরুণ উদ্যোক্তা মোটরসাইকেল ব্যবসায়ী হিসেবে জনপ্রিয় সোনার বাংলা মটরস্

ঝিনাইদহ শহরে তাসলিমা ক্লিনিকের দক্ষিণ পাশে অবস্থিত সোনার বাংলা মটরস্। প্রোপাইটার- তাপস কুণ্ডু, সনজিত কর্মকার।

ঝিনাইদহ শহরের উত্তপ্ত গ্রাম অঞ্চলে প্রিমিয়াম বাইক থেকে শুরু করে সকল ধরনের বাইক ক্রয় বিক্রয় মানেই সোনার বাংলা মটরস্। প্রতিটা গ্রামে তার কর্মীরা একটিভ থাকে বাইক কালেকশন এর জন্য, ভালো মানের বাইক এবং কম বয়সী বাইক কালেকশন করে থাকে।

কাগজ নিয়ে নেই কোন ঝামেলা ১০০% কাগজ গ্যারান্টি দিয়ে গাড়ি বিক্রয় করে থাকে সোনার বাংলা মটরস্। পিক নয় কাস্টমার সেবায় সোনার বাংলা মটরস্ মূল উদ্দেশ্য শহরে প্রত্যেক ব্যবসায়ীর সাথে গ্যারান্টি দিয়ে সব থেকে কম প্রফিট এ গাড়ি বিক্রয় করে একমাত্র সোনার বাংলা মটরস্।

সর্বনিম্ন ১০০০ টাকা প্রফিট এ গাড়ি বিক্রি করা সোনার বাংলা মটরস্। যার কারনে সবার কাছেই খুবই জন প্রিয় হয়ে উঠেছে। সোনার বাংলা মটরস্ প্রোপাইটার সনজিত কর্মকার বলেন কাস্টমারের সেবা দেয় আমাদের মূল ধর্ম, আমরা সব সময় কাগজ পাতি এবং গাড়ির দিক থেকে ফেরেশ থাকতে চাই।

জীবননগরে একটি প্রতিষ্ঠানে ৫০হাজার টাকা জরিমানা

চুয়াডাঙ্গা -জীবননগরে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর অভিযানে চালিয়ে অস্বাস্থ্যকর পরিবেশে খাবার মুড়ি তৈরি করার অপরাধে একটি প্রতিষ্ঠানে ৫০হাজার জরিমানা প্রদান করেছে।

রবিবার দুপুর ১২টার সময় জীবননগর পৌর শহরের ইসলামপুর গ্রামে অবস্থিত মেসার্স সরকার ট্রের্ডাসে অভিযান চালিয়ে অস্বাস্থ্যকর পরিবেশে খাবার মুড়ি তৈরি করার অপরাধে , ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯এর ৩৭ ও ৪৩ ধারায় মেসার্স সরকার ট্রেডার্সের মালিক মোঃ নাজমুস সাকিবকে ৫০হাজার টাকা জরিমানা প্রদান করেন ।

অভিযান পরিচালনা করেন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর চুয়াডাঙ্গা জেলার সহকারী পরিচালক মোঃ সজল আহম্মেদ। এ সময় উপস্থিত ছিলেন , জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের স্যানেটারি ইন্সেপেক্টর আনিসুর রহমান ।

অভিযান শেষে স্বাস্থ্যের জন্য ক্ষতিকর নিম্নমানের লবন পানি দিয়ে ধ্বংশ করা হয়।

দারিয়াপুর ইউনিয়নের সাবেক চেয়ারম্যান বকুল আর নেই

মুজিবনগরে উপজেলার দারিয়াপুর ইউনিয়নের সাবেক চেয়ারম্যানের তৌফিকুল বারী বকুল আর নেই (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)।

আজ শনিবার সকাল ১১ টার দিকে নিজ গ্রামে হঠাৎ অসুস্থ হলে তাকে মেহেরপুর জেনারেল হাসপাতালে নেওয়া হয়। সেখানে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করে।

তিনি দারিয়াপুর পশ্চিম পাড়ার সাবেক মেম্বার মরহুম জিনারুল ইসলামের বড় ছেলে। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৫২ বছর। সন্তান-সন্ততির মধ্যে তার দুইজন কন্যা রয়েছে।

তৌফিকুল বারী বকুল মুজিবনগর আওয়ামী লীগের রাজনীতির বিশুদ্ধ মানসিকতার বিতর্কহীন রাজনীতিজ্ঞ। তিনি দারিয়াপুর ইউনিয়নের সাবেক চেয়ারম্যান, সাবেক ছাত্রনেতা, জেলা যুবলীগের সাবেক সহ-সভাপতি, মুকুট ইট ভাটার স্বত্বাধিকারী ও জেলা ট্রাক মালিক সমিতির সাংগঠনিক সম্পাদক হিসেবে দায়িত্বরত ছিলেন। তার অকালমৃত্যুতে রাজনৈতিক, জেলা ট্রাক মালিক সমিতি ইউনিয়ন ও দারিয়াপুর ইউনিয়নে চলছে শোকের ছায়া।

ছাত্র জীবনে তিনি দারিয়াপুর মাধ্যমিক স্কুল থেকে এসএসসি ও (সীমান্ত কলেজ) বর্তমান মুজিবনগর সরকারি কলেজ থেকে এইচএসসি পাস করেছিলেন।

মরহুমের জানাজার নামাজ দারিয়াপুর পশ্চিম পাড়া ঈদগাহ মাঠে আজ সন্ধ্যা ৭ টার সময় অনুষ্ঠিত হবে।

মেহেরপুরে সুখসাগর পেঁয়াজ চাষে অসুখী চাষিরা

মেহেরপুরের মুজিবনগরে সুখ সাগর নামক পিঁয়াজের চাষ হচ্ছে প্রায় ২০ বছর ধরে। এই সুখ সাগরই অনেক চাষীকে সুখের মুখ দেখিয়েছে। অনেক দিনমজুরও এই চাষ করে হয়েছেন লাখপতি। এবছর পেঁয়াজের বাম্পার ফলন হলেও চাষীদের মুখে হাসি নেই। উঠছে না উৎপাদন খরচও।

কৃষি বিভাগ বলছে এই মৌসুমে এলসির মাধ্যমে পেঁয়াজ আমদানি বন্ধ না হলে চাষিরা মারাত্মক লোকসানের মুখে পড়বে। এ বছর জেলাতে প্রায় ২ হাজার ৮ শ হেক্টর জমিতে পেঁয়াজ চাষ হয়েছে। উৎপাদনের লক্ষ্য মাত্রা ধরা হয়েছে ৭৭ হাজার মেট্রিক টন।

মেহেরপুর জেলার মুজিবনগর উপজেলার শিবপুর ও বিশ্বনাথপুর গ্রামের

শতকরা ৯০ জন কৃষকই সুখসাগর পেঁয়াজ চাষ করেন। এই দুই গ্রামের চাষিদের সফলতা দেখে পার্শ্ববর্তী গ্রাম ভবানীপুর, নাজিরাকোনা, সোনাপুর, মাঝপাড়া, আনন্দবাস, জয়পুর ও তারনগর গ্রামেও এই পেঁয়াজের চাষ ছড়িয়ে পড়েছে। সদর উপজেলাতে সুখ সাগরের কিছু চাষ হলেও মুজিবনগরে শতভাগ এই জাতের পেঁয়াজ চাষ হচ্ছে গত ২০ বছর ধরে। পেঁয়াজের মৌসুমে গ্রামের মাঠে গেলে চোখে পড়বে মাঠের পর মাঠ শুধু পেঁয়াজ আর পেঁয়াজ। যার কোন জমি নেই সেও অন্যের জমি লিজ নিয়ে পেঁয়াজের চাষ করেন। পেঁয়াজ ৩ মাসের ফসল। ডিসেম্বর থেকে ফেব্রুয়ারি মার্চের মধ্যেই চাষটি শেষ হয়। প্রাকৃতিক দুর্যোগে না পড়লে এবং বাজার দর ভাল থাকলে উৎপাদন খরচ বাদে বিঘা প্রতি ১৫ থেকে ২০ হাজার টাকা পর্যন্ত লাভ হয়।

সরেজমিন মুজিবনগর উপজেলার শিবপুর, ভবানীপুর, বিশ্বনাথপুর গ্রাম ঘুরে জানা গেছে, এ বছর পেঁয়াজ চাষের খরচ হয়েছে বিঘা প্রতি ৮৫ থেকে ৯০ হাজার টাকা পর্যন্ত। উৎপাদন হবে বিঘা প্রতি ১২০ থেকে ১৩০ মণ হারে। বর্তমান বাজারে এই পেঁয়াজ বিক্রি হচ্ছে প্রতিমণ সাড়ে ৪০০ থেকে ৫০০ টাকা দরে। সেই হিসেবে বিঘাপ্রতি লোকসান গুনতে হচ্ছে ২৫ থেকে ৩০ হাজার টাকা। সংরক্ষণের কোন ব্যবস্থা না থাকায় লোকসান করেই বেঁচে দিতে হচ্ছে চাষীদের পেঁয়াজ।

শিবপুর গ্রামের পেঁয়াজ চাষি হাবিবুর রহমান ৮ বিঘা জমিতে এবার পেঁয়াজ চাষ করেছেন । বাজারে পেঁয়াজের দাম কম হওয়ায় ভীষণ হতাশ। তিনি বলেন বর্তমানে তেল, সার, বীজসহ উৎপাদনের সাথে যুক্ত সকল কিছুর দাম বেশি, অথচ বিক্রয় মূল্য কম হওয়ায় চাষ করা কঠিন হয়ে যাচ্ছে। বিঘা প্রতি ৮৫ থেকে ৯০ হাজার টাকা খরচ করে বিক্রয় হচ্ছে ৫৫ থেকে ৬০ হাজার টাকায়।

ভবানীপুরের সোমারুল ৭ বিঘা জমিতে চাষ করেছেন। তিনি বলেন, আমি ১৫ বছর যাবৎ পেঁয়াজ চাষ করি। এই চাষটি অনেকটা জুয়া খেলার মতো ১ বছরে দাম পাই তো আরেক বছরে পাইনা। গত তিন বছর ধরে পেঁয়াজে লোকসান গুনতে হচ্ছে। সামনে হয়তো আর পেঁয়াজ চাষ করতে পারবো না।

মেহেরপুর কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক কৃষিবিদ শঙ্কর কুমার মজুমদার বলেন, এবছর পেঁয়াজের ফলন ভালো হবে। বর্তমানে বাজার দর কম হওয়ায় চাষিরা ক্ষতিগ্রস্ত হচ্ছেন। এ মৌসুমে এলসির মাধ্যমে পেঁয়াজ আমদানি বন্ধ রাখলে চাষিরা উপকৃত হবেন।

কর্মকর্তাদের নাম ভাঙ্গিয়ে গাছ কাটার অভিযোগ স্কুল শিক্ষকের বিরুদ্ধে

কর্মকর্তাদের নাম ভাঙ্গিয়ে গাছ কাটার অভিযোগ উঠেছে সাবেক স্কুল শিক্ষক আলা উদ্দিন (আলার) বিরুদ্ধে। তবে এ বিষয়ে কিছুই জানেন না ওই কর্মকর্তারা। এ ব্যাপারে খোঁজ খবর নিয়ে প্রয়োজনে মামলা করা হবে বললেন উপজেলা নির্বাহী কর্মকর্তা খান মাসুম বিল্লাহ।

জানা যায়, কোটচাঁদপুর উপজেলার এলাঙ্গী ইউনিয়নের কুল্লাগাছার আসলাম মোড়ের সামনের মাঠের সড়ক এটি। এ সড়কের কিছু দুরে সাবেক স্কুল শিক্ষক আলা উদ্দিনের রয়েছে সড়কের পাশের একটা জমি।

সম্প্রতি ওই সড়কের পাশের ১৩ টি অপরিপক্ক কাঠের গাছ কেটে বিক্রি করেছেন ওই শিক্ষক। যার মধ্যে ছিল ১২ টি মেহগনি ও একটি লম্বু গাছ।

ওই গ্রামের খলিল মন্ডল বলেন, গাছগুলো মাস্টার সাহেব লাগিয়ে ছিল। তবে বর্তমানে গাছ গুলো রাস্তার মধ্যে পড়েছে। তিনি বলেন, মোট ১৩ টি গাছ কেটে দিয়েছেন। এরমধ্যে একটা লম্বু ও ১২ টি মেহগনি গাছ ছিল। মাস্টার সাহেব গাছ গুলো মেরে বিক্রি করে দিয়েছেন। বাধা দিয়ে ছিলেন কিনা, এমন প্রশ্ন তিনি বলেন, আর বাবা,আমরা বাধা দিয়ে কি করবো। হ্যালো করলেই শেষ। কারন ওনারা তো নেতা মানুষ।

একই কথা বলেন,কামারুল ইসলাম বলেন, গাছগুলো বেশ বড় হয়েছিল। কয়েক দিন আগে তিনি আসাননগর গ্রামের ওসমান ব্যাপারি কাছে বিক্রি করেছেন।

এ ব্যাপারে ওই শিক্ষক বলেন,গাছগুলো আমার লাগানো ছিল। জমি মাপার পরও দেখা গেছে গাছ গুলো আমার জমির মধ্যে পড়েছে। এরপরও আমি চেয়ারম্যান সাহেবের কাছে গিয়েছি। পরে ওনাকে নিয়ে এ্যাসিলান্ড,বনবিভাগ ও নায়েব সাহেবের কাছে ও গিয়েছিলাম। নায়েব সাহেব আমাকে জমি মাপার পর গাছ কেটে নিতে বলেছেন।

আলা উদ্দিন (আলা) ছিলেন গুড়পাড়া প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক। বর্তমানে তিনি অবসরে আছেন।

এলাঙ্গী ইউনিয়ন সহকারী কমিশনার (ভুমি) শরিফুল ইসলাম বলেন, গাছ কাটার বিষয়টি আমি জানিনা। আপনাদেরকে মিথ্যা বলেছেন। খোঁজ খবর নিয়ে ওনার বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে।

একই কথা বলেন, উপজেলা বন কর্মকর্তা শফিকুল ইসলাম। তিনি বলেন, আমাদের নাম নিয়ে ওনার কার্যসিদ্ধি করেছেন। এ বিষয়ে কিছুই জানা নাই। ইউএনও স্যারের বলে ব্যবস্থা নেয়া হবে।

উপজেলা নির্বাহী কর্মকর্তা খান মাসুম বিল্লাহ বলেন, আমার জানা ছিল না। খোঁজ খবর নিয়ে দেখছি। ওনি কিসের বলে,কিভাবে গাছ কেটেছেন। অনিয়ম করে গাছ কাটলে ওনার বিরুদ্ধে মামলা করা হবে।

মাটি বিক্রি নয় পুকুরের পাড় বাধা হচ্ছে,পুকুর মালিক আহম্মদ আলী

ভয়ংকর হুমকির মুখে চুয়াডাঙ্গার বেগমপুরের রাঙ্গিয়ারপোতা গ্রামের মাঝপাড়ার বাসিন্দারা। এ সংক্রান্ত একটি সংবাদ প্রকাশিত হয় দৈনিক মেহেরপুর প্রতিদিন ও দৈনিক পশ্চিমাঞ্চলে সংবাদ প্রকাশিত হলে প্রশাসনের হস্তক্ষেপে মাটি খননের কাজ বন্ধ হয়ে যায়।

বন্ধের ৪ দিন পর প্রশাসনের অনুমতি ছাড়া আবারো শুরু করেছে মাটি কাটার কাজ। তবে পুকুর মালিক সাবেক ইউপি চেয়ারম্যান আহম্মদ আলী বললেন মাটি বিক্রি নয় পুকুরের ভেঙ্গে যাওয়া পাড় বাঁধা হচ্ছে।

জানাগেছে, চুয়াডাঙ্গা সদর উপজেলার দর্শনা থানাধীন বেগমপুর ইউনিয়নের রাঙ্গিয়ারপোতা গ্রামের মাঝপাড়ার আব্দুল কাদেরের ছেলে দর্শনা থানা বিএনপির সাধারন সম্পাদক ও বেগমপুর ইউনিয়নের সাবেক ইউপি চেয়ারম্যান আহম্মদ আলী বিশ্বাস নিজ বসত বাড়ির সন্নিকটে স্কেভেটর ভিড়িয়ে একটি পুকুর খনন করছে। সে পুকুরের মাটি ট্রাক্টর

যোগে বিভিন্ন স্থানে বিক্রি হচ্ছে। এ পুরেরর মাটি বিক্রির কারণে অতি গভীর করে খনন করা হচ্ছে পুকুর। যে কারণে আশপাশের বাড়ি-ঘর ভয়ঙ্কর হুমকীর মুখে পড়েছে। সেই সাথে চরম নিরাপত্তা হীনতা সহ আতঙ্কের মধ্যে রয়েছে চুয়াডাঙ্গার বেগমপুরের রাঙ্গিয়ারপোতা গ্রামের মাঝপাড়ার বাসিন্দারা।

এদিকে প্রশাসনের হস্তক্ষেপের পরেও আইনকে বৃদ্ধাঙ্গুলী দেখিয়ে পুকুরে স্কেভেটর মেশিন দিয়ে মাটি খননের পর সেই মাটি ট্রাক্টর যোগে বিভিন্ন স্থানে নেওয়া হচ্ছে। এতে করে পুকুর মালিক লাভবান হলেও ভয়ঙ্কর হুমকির মূখে পুকুরের চারিপাশে বসবাস কারি বাসিন্দারা।

তাই বিষয়টি প্রশাসনিক ভাবে ব্যবস্থা গ্রহণের দাবী জানিয়েছে ভুক্তভোগি পরিবার সহ স্থানীয় বাসিন্দা সহ সচেতন মহল।

এবিষয়ে পুকুর মালিক সাবেক ইউপি চেয়ারম্যান আহম্মদ আলী বিশ্বাস বলেন, মাটি বিক্রি নয়, পুকুরের ভেঙ্গে যাওয়া পাড় বাঁধা হচ্ছে।

চুয়াডাঙ্গা সদর বেগমপুর ইউনিয়ন (ভুমি) অফিসের সহকারী কর্মকর্তা সেলিম রেজা বলেন, আমরা মাটি কাটা বন্ধ করে দিয়ে এসেছিলাম। তবে আবারো কাটছে আমার জানা নেই। তবে খোঁজ নিয়ে দেখছি।

মুজিবনগরে শাওমি অফিসিয়াল ব্র্যান্ড শপ এর উদ্বোধন

মুজিবনগরে কেদারগঞ্জ বাজার হাই স্কুল মার্কেটে শাওমি মোবাইল ফোনের অফিসিয়াল ব্র্যান্ড শপের উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার বিকেলে ব্র্যান্ড শপের উদ্বোধন অনুষ্ঠিত হয় বাগওয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন এবং বাগোয়ান ইউপি ১ নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি এবং কেদারগঞ্জ বাজার ব্যবসায়ী কমিটির সভাপতি ফারুক হোসেন প্রধান অতিথি হিসাবে উপস্হিত থেকে কেক ও ফিতা কেটে ব্র্যান্ড শপের উদ্বোধন করেন।

এসময় উপস্থিত ছিলেন শাওমি মোবাইল ফোনের এরিয়া সেলস ম্যানেজার মশিউর রহমান, রিজিওনাল ম্যানেজার হুমায়ুন কবির, রিটেইল প্রোগ্রাম ম্যানেজার মাহবুবুর রহমান, চ্যানেল সেলস ম্যানেজার আশীষ কুমার,বাগোয়ান ইউপি ১ নং ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক জহির উদ্দীন, উপজেলা মৎস্য লীগের সাধারণ সম্পাদক ফারুক হোসেন (শাহিন),কেদারগঞ্জ বাজার মসজিদ কমিটির সভাপতি রেজাইল ইসলাম।